গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি)

এবং

সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৮- জুন ৩০, ২০১৯

# সূচিপত্র


| *বিষয়* | | *পৃষ্ঠা* |
|---|---|---|
| উপক্রমণিকা | | ৪ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ৩ |
| সেকশন ১ ঃ | রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৫ |
| সেকশন ২ ঃ | বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/ Impact) | ৬ |
| সেকশন ৩ ঃ | কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| সংযোজনী ১ ঃ | শব্দসংক্ষেপ (Acronyms) | ৯ |
| সংযোজনী ২ ঃ | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১০ |
| সংযোজনী ৩ ঃ | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১১ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন

এবং

সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of The Bangladesh Inland Water Transport Corporation (BIWTC)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### ❖ সাম্প্রতিক বছরসমূহের (২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮) প্রধান অর্জনসমূহ

নৌ-পথে সরকারের পক্ষে পরিচালিত ফেরি ও যাত্রীবাহী সার্ভিসে পর্যাপ্ত সুবিধা প্রদান, সেবার মান উন্নয়ন ও পরিচালন দক্ষতা বৃদ্ধির প্রয়াসে বিআইডব্লিউটিসি বিগত ৩ বছরে ১টি রো রো ফেরি, ২টি কে-টাইপ ফেরি, ২টি মিনি ইউটিলিটি ফেরি, ২টি পন্টুন ও ৪টি কন্টেইনারবাহি জাহাজসহ সর্বমোট ১১টি নৌযান নির্মাণ করে বিভিন্ন সার্ভিসে নিয়োজিত করেছে। ফলে ক্রমবর্ধিত যানবাহন পারাপারে ফেরি সার্ভিসের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে পটুয়াখালী জেলার 'বদনাতলী-চরশিবা' এবং 'মুন্সিগঞ্জ-গজারিয়া' রুটে ফেরি সার্ভিস চালু করা হয়েছে। ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে ফেরি সার্ভিসে যথাক্রমে ২৫.৯৯ লক্ষ, ২৬.১০ লক্ষ ও ২৭.০০ লক্ষ যানবাহন পারাপার করা সম্ভব হয়েছে। এ ছাড়া সমুদ্র বন্দর হতে নৌপথে কন্টেইনার পরিবহনের সুযোগ সৃষ্টি হয়েছে। পাটুরিয়া, দৌলতদিয়া ও কাজিরহাট ফেরি ঘাটে যানবাহন পারাপারে অটোমেশন পদ্ধতি চালু করা হয়েছে এবং ফেরি ঘাটে ব্যবহারের জন্য ২টি রেকার সংগ্রহ করা হয়েছে। মার্চ, ২০১৮ হতে যাত্রিবাহি জাহাজ এমভি মধুমতি এ Wi Fi চালু করা হয়েছে। এছাড়াও ২টি উপকূলীয় যাত্রীবাহী জাহাজ, ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি, ২টি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ নির্মাণের কাজ শুরু করা হয়েছে।

### ❖ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

সংস্থা কর্তৃক পরিচালিত সার্ভিসসমূহের সেবার মান উন্নয়নে জ্বালানী সাশ্রয়ী, টেকসই, আধুনিক ও দ্রুতগতি সম্পন্ন জলযান সংগ্রহ এ প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য চ্যালেঞ্জ। এ ছাড়া ফেরি রুটে এবং যাত্রীবাহী নৌপথের নাব্যতা সংকট, বৃত্তাকার নৌপথে ওয়াটারবাস পরিচালনার জন্য প্রয়োজনীয় অবকাঠামো ও পন্টুনের অভাব, সংযোগ সড়ক এর অপর্যাপ্ততা, বুড়িগঙ্গা নদীর দূষিত পানি বিআইডব্লিউটিসি পরিচালিত ফেরি সার্ভিস, যাত্রীবাহী সার্ভিস, ওয়াটার বাস সার্ভিসের সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে অন্যতম চ্যালেঞ্জ। নদীর গতিধারা পরিবর্তনের ফলে ফেরি ঘাটের অব্যাহত ভাঙ্গন, জলযানসমূহের নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণ, খুচরা যন্ত্রাংশ সংগ্রহ, বিভিন্ন সার্ভিসে ই-টিকেটিং/ অটোমেশন পদ্ধতির প্রবর্তন এ সংস্থার কার্যক্রম পরিচালনায় বিশেষ চ্যালেঞ্জ।

### ❖ ভবিষ্যৎ পরিকল্পনা

বিআইডব্লিউটিসি'র বাণিজ্যিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও উন্নত সেবা প্রদানের লক্ষ্যে ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি, ২টি উপকূলীয় যাত্রিবাহি জাহাজ এবং ২টি অভ্যন্তরীণ যাত্রিবাহি জাহাজ নির্মাণাধীন রয়েছে। এছাড়াও রিভার ক্রুজার, অভ্যন্তরীণ যাত্রিবাহি জাহাজ, উপকূলীয় যাত্রীবাহী জাহাজ, সী-ট্রাক, ইমপ্রুভড্ কে-টাইপ ফেরী, ইমপ্রুভড্ ইউটিলিটি ফেরি, কনভেনশনাল পন্টুন, ইনস্পেকশন বোট, স্যালভেজ টাগ, ট্যাংকার ইত্যাদি নির্মাণ/ সংগ্রহ এবং পুরাতন জলযানগুলোর পুনর্বাসন করার পরিকল্পনা রয়েছে। বিআইডব্লিউটিসি'র ডকইয়ার্ডসমূহের কার্যক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়নের জন্য স্লিপওয়ে নির্মাণ/ স্থাপন, আধুনিক ও উন্নত যন্ত্রপাতি সংগ্রহ, মেরিন ওয়ার্কশপ স্থাপন, অবকাঠামো উন্নয়নসহ ফ্লোটিং ডক সংগ্রহ ও স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নিরাপদ ও নিরবচ্ছিন্ন ফেরি সেবা প্রদানের জন্য রেকার ও ওয়েব্রীজ সংগ্রহ ও স্থাপন, বিভিন্ন ফেরি ঘাটে যানবাহন পারাপারে অটোমেশন পদ্ধতির প্রবর্তন ইত্যাদি সংস্থার ভবিষ্যৎ পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে।

### ❖ ২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণপূর্বক সার্ভিসে নিয়োজিতকরণ।
- ২টি অভ্যন্তরীণ যাত্রিবাহি জাহাজ নির্মাণপূর্বক ঢাকা-বরিশাল-খুলনা রুটে যাত্রি সেবায় নিয়োজিতকরণ।
- ২টি উপকূলীয় যাত্রিবাহি জাহাজ নির্মাণপূর্বক চট্টগ্রাম-সন্দীপ-হাতিয়া-বরিশাল রুটে নিয়োজিতকরণ।
- রো রো ফেরি হামিদুর রহমান ও মতিউর রহমান রি-ইঞ্জিনিং ও আংশিক পুনর্বাসন।
- বিআইডব্লিউটিসি'র ডকইয়ার্ড নং-৩ এ মেরিন ওয়ার্কশপ স্থাপন ও যন্ত্রপাতি সংগ্রহ।
- ফেরি সার্ভিসে সম্ভাব্য ২৭.৫০ লক্ষ যানবাহন পারাপার।
- পাটুরিয়া, দৌলতদিয়া ও কাজিরহাট ফেরি ঘাটে যানবাহন পারাপারে অটোমেশন পদ্ধতির প্রবর্তন।

## সেকশন- ১

**বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি)'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions)**

### ১.১ রূপকল্প (Vision):

অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে নিরাপদ, পরিবেশবান্ধব, সাশ্রয়ী যাত্রী ও পণ্য পরিবহন এবং যানবাহন পারাপার।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

নৌ-পথে যাত্রিবাহি ও পণ্যবাহি নৌযান পরিচালনার মাধ্যমে দেশের মূল ভূখন্ড এবং উপকূলীয় এলাকাসহ দ্বীপাঞ্চলের মধ্যে নিরাপদ যাত্রী সেবা প্রদান ও মালামাল পরিবহন। দেশের সড়ক যোগাযোগ ব্যবস্থা অক্ষুন্ন রাখতে দক্ষ ফেরি সার্ভিস পরিচালনা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধি।

২. জলযান বহরের মেরামত ও রক্ষণাবেক্ষণের সক্ষমতা বৃদ্ধি।

৩. প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি।

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং ও নৌ পরিবহনের ব্যবস্থা করা এবং উক্ত শিপিং ও নৌ পরিবহন ব্যবস্থার সাথে সম্পৃক্ত ও সহায়ক সকল কার্যাবলী সম্পাদন করা।

২. জলযান সংগ্রহ, চার্টার দেয়া, সংরক্ষণ অথবা বিক্রয় করা।

৩. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ পথে তেলবাহী ট্যাংকার পরিচালনা করা।

৪. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে লাইটারেজসহ যাত্রী ও পণ্যবাহী জলযান পরিচালনা করা।

৫. ফেরি সার্ভিস পরিচালনা করা।

৬. ডকইয়ার্ড এবং মেরামত ওয়ার্কশপ স্থাপন ও রক্ষনাবেক্ষণ করা।

৭. উপর্যুক্ত বিষয়ের সাথে সংশ্লিষ্ট ও সহায়ক অন্যান্য সকল কার্যাদি সম্পাদন করা।

## সেকশন- ২

### বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/ Impact)

| চূড়ান্ত ফলাফলের প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্ত সূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ক) ফেরি সার্ভিসের দক্ষতা/ সক্ষমতা বৃদ্ধি | ফেরির মাধ্যমে যানবাহন পারাপারের বর্ধিত সংখ্যা। | সংখ্যা (লক্ষ) | ২৬.১০ | ২৭.০০ | ২৭.৫০ | ২৮.০০ | ** ২২.০০ | বিআইডব্লিউটিএ কর্তৃক পর্যাপ্ত নাব্যতা নিশ্চিত সাপেক্ষে প্রতিফলিত লক্ষ্যমাত্রা অর্জন রক্ষা করা সম্ভব হবে। | • প্রতিটি ফেরি ঘাটে সংরক্ষিত রেজিষ্টার (T 2 - T 10 ফরমেট)<br>• প্রধান কার্যালয়ের বাণিজ্যিক বিভাগে সংরক্ষিত রেজিষ্টার।<br>• MTBF ডকুমেন্ট।<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন |

** পদ্মা সেতু চালুর বিষয়টি বিবেচনা রেখে কলাম ৮ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

* কলাম-৫ এর তথ্য মে ও জুন মাসের লক্ষ্যমাত্রা বিবেচনা করে প্রতিফলন করা হয়েছে।

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯ (Target/ Creiterial Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ Projection (২০১৯-২০) | প্রক্ষেপণ Projection (২০২০-২১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **বিআইডব্লিউটিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১। সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধি | | [১.১] ফেরি সার্ভিসে পারাপারকৃত যানবাহনের সংখ্যা বৃদ্ধি | [১.১.১] পারাপারকৃত বর্ধিত যানবাহন | সংখ্যা | ১০ | ২৬.১০ | ২৭.০০ | ২৭.৫০ | ২৭.৪০ | ২৭.৩০ | ২৭.২০ | ২৭.১০ | ২৮.০০ | ২২.০০ |
| | | [১.২] ফেরি সার্ভিসের মাধ্যমে অর্জিত রাজস্ব আয় বৃদ্ধি | [১.২.১] বর্ধিত রাজস্ব আয় | কোটি টাকা | ১০ | ৩৩৪.৬২ | ৩৪২.০০ | ৩৬০.০০ | ৩৫৮.০০ | ৩৫৬.০০ | ৩৫৪.০০ | ৩৫২.০০ | ৩৭৭.০০ | ৩০৯.০০ |
| | | [১.১] ফেরি ও পন্টুন নির্মাণ এবং পুনর্বাসন | [১.১.১] ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ১০% সম্পাদিত | % | ১০ | ১৫% | ১৫% | ১০ | ৯ | ৯ | ৮ | ৮ | - | - |
| | | | [১.১.২] ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ২০% সম্পাদিত | % | ২ | - | - | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ৮০% | - |
| | | | [১.৩.১] ২টি কনভেনশনাল পন্টুন নির্মাণ কাজের ২০% সম্পাদিত | % | ২ | - | - | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ৮০% | - |
| | | [১.২] ফেরি পুনর্বাসন | [১.২.১] রো রো হামিদুর রহমান ও মতিউর রহমান রি-ইঞ্জিনিং ও আংশিক পুনবার্সন | % | ৫ | - | ২০% | ৬০ | ৫৯ | ৫৮ | ৫৭ | ৫৬ | ২০% | - |
| | | [১.৩] যাত্রাবাহী জাহাজ নির্মাণ | [১.৩.১] ২টি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ২০% সম্পাদিত | % | ১০ | ৪০% | ৩০% | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | - | - |
| | | | [১.৩.২] ২টি উপকূলীয় যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ২৫% সম্পাদিত | % | ১০ | ৩০% | ১৫% | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | - | - |
| ২। জলযান বহরের রক্ষণাবেক্ষণের সক্ষমতা বৃদ্ধি | | [২.১]বিআইডব্লিউটিসি'র ডকইয়ার্ডের উন্নয়ন | [২.১.১] ডকইয়ার্ড নং-৩ এর জন্য নতুন যন্ত্রপাতি সংগৃহীত | তারিখ | ৫ | - | ১৫% | ১/১/১৯ | ৭/১/১৯ | ১৫/১/১৯ | ২১/১/১৯ | ৩১/১/১৯ | - | - |
| ৩। প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | | [৩.১] কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়িত | সংখ্যা ৫০*৪ =২০০ | ৪ | - | ১০১জন | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ২৫০ | ৩০০ |
| | | [৩.২] সংস্থার জলযান বহরে জ্বালানী সরবরাহের লক্ষ্যে ২টি শ্যালো ড্রাফট অয়েল ট্যাংকার নির্মাণ | [৩.১.২] ২টি ট্যাংকার নির্মাণ কাজের ৬০% সম্পাদিত | % | ২ | - | ১০% | ৬০ | ৫৮ | ৫৬ | ৫৪ | ৫২ | ৩০ | - |
| | | [৩.৩] পাটুরিয়া ফেরি সেক্টরের যানবাহন পারাপারে অটোমেশন পদ্ধতির প্রর্বতন | [৩.১.৩] অটোমেশন পদ্ধতি প্রবর্তিত | % | ৫ | - | ২০% | ৮০% | ৭৮% | ৭৫% | ৭২% | ৭০% | | |
| মোটঃ | ৮০ | | | | ৭৫ | | | | | | | | | |

পদ্মা সেতু চালুর বিষয়টি বিবেচনা রেখে কলাম ১৫ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন, নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন-এর চেয়ারম্যান-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

২৪/৬/১৮

চেয়ারম্যান
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন

তারিখ

২৪.৬.১৮

সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

তারিখ

# শব্দ সংক্ষেপ

# (Acronyms)

| | |
|---|---|
| **ADP**<br>এডিপি | Annual Development Programe<br>বার্ষিক উন্নয়ন কর্মসূচী |
| **BIWTC**<br>বিআইডব্লিউটিসি | Bangladesh Inland Water Transport Corporation<br>বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন |
| **BIWTA**<br>বিআইডব্লিউটিএ | Bangladesh Inland Water Transport Authority<br>বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |
| **DPP** | Development Project Proposal |
| **IMED**<br>আইএমইডি | Implementation, Monitoring & Evaluation Division |
| **K-type Ferry**<br>কে-টাইপ ফেরি | Conventional Ferry<br>ফেরিগুলোর নামের আদ্যাক্ষর 'K' দিয়ে শুরু। |
| **MTBF**<br>এমটিবিএফ | Medium Term Budgetary Framework<br>মধ্য মেয়াদী বাজেট কাঠামো |
| **M.V**<br>এম.ভি | Motor Vessel |
| **Ro Ro Ferry**<br>রো রো ফেরি | Roll-on Roll-off Ferry |

## সংযোজনী- ২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | [১.১] ফেরি ও পন্টুন নির্মাণ এবং পুনর্বাসন | [১.১.১] ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ১০% সম্পাদিত। | বিআইডব্লিউটিসি'র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনের লক্ষ্যে ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ১০% বাস্তব অগ্রগতি অর্জন। | বিআইডব্লিউটিসি | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি। | শিমুলিয়া (মাওয়া) ফেরি সেক্টরে পরিচালিত পুরাতন ও ঝুঁকিপূর্ণ ডাম্ব ফেরিগুলো অবিলম্বে প্রতিস্থাপনের জন্য প্রাধিকার ভিত্তিতে দু'টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কার্যক্রম চলমান। |
| | | [১.১.২] ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ২০% সম্পাদিত।<br>[১.১.৩] ২টি কনভেনশনাল পন্টুন নির্মাণ কাজের ২০% সম্পাদিত। | ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি ও ২টি কনভেনশনাল পন্টুন নির্মাণের ২০% বাস্তব অগ্রগতি অর্জন। | | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ | বিআইডব্লিউটিসি পরিচালিত ফেরি রুটসমূহে পারাপারকৃত যানবাহনের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও মে, ২০১৮ এ পটুয়াখালী জেলার 'বদনাতলী-চরশিবা' এবং 'গজারিয়া-মুন্সিগঞ্জ' ফেরি সার্ভিস চালু করা হয়েছে। যানবাহনের সংখ্যা বৃদ্ধি এবং নতুন ফেরি সার্ভিস চালুর ফলে নতুন ফেরি সংগ্রহ একান্তই জরুরী হয়ে দাঁড়িয়েছে। ভবিষ্যতে ট্রাফিক মোকাবেলার জন্য ২০১৮-১৯ অর্থ বছরে ২টি নতুন কে-টাইপ ফেরি ও ২টি কনভেনশনাল পন্টুন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| | [১.২] ফেরি পুনর্বাসন | [১.২.১] রো রো হামিদুর রহমান ও মতিউর রহমান রি-ইঞ্জিনিং ও আংশিক পুনর্বাসনের কাজ সম্পাদিত। | ২০১৮-১৯ অর্থ বছরে আলোচ্য কার্যক্রমের ৬০% বাস্তব অগ্রগতি অর্জন। | | • বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ | ২০০২ সালে চীন হতে আমদানীকৃত ফেরি ২টি ক্রমাগত ব্যবহারের ফলে এগুলো পুরাতন হওয়ায় ফেরি ২টি দ্বারা প্রদত্ত রাউন ট্রিপের সংখ্যা ক্রমাগত হ্রাস পাচ্ছে। ফেরি ২টি রি-ইঞ্জিনিং ও আংশিক পুনর্বাসনের মাধ্যমে সম্পূর্ণ কর্মক্ষম করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| | [১.৩] যাত্রাবাহী জাহাজ নির্মাণ | [১.৩.১] ২টি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ২০% সম্পাদিত। | ঢাকা-বরিশাল-খুলনা রুটে পরিচালনার জন্য ২টি যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ২০% বাস্তব অগ্রগতি অর্জন। | | • বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ | অভ্যন্তরীণ নৌ-পথে সরকারের পক্ষে নিরাপদ ও ঝুঁকিমুক্ত উন্নতমানের যাত্রীসেবা প্রদানের জন্য আলোচ্য জাহাজ ২টি প্রাধিকার ভিত্তিতে নির্মাণ করা হচ্ছে। নির্মাণের কাজ চলমান। |
| | | [১.৩.২] ২টি উপকূলীয় যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ২৫% সম্পাদিত। | চট্টগ্রাম-সন্দ্বীপ-হাতিয়া-বরিশাল উপকূলীয় রুটে এবং চট্টগ্রামের কুমিরা ও সন্দ্বীপের গুপ্তছরার মধ্যে চলাচলের জন্য যথাক্রমে ৭০০ ও ৫০০ যাত্রী ধারণ ক্ষমতা সম্পন্ন ২টি যাত্রীবাহী জাহাজের নির্মাণ কাজের ২৫% বাস্তব অগ্রগতি অর্জন। | | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি। | উপকূলীয় এলাকায় বিআইডব্লিউটিসি পরিচালিত যাত্রীবাহী জাহাজগুলো একমাত্র নিরাপদ ও নির্ভরযোগ্য যোগাযোগের মাধ্যম হওয়ায় আলোচ্য জাহাজ দু'টি এতদ্‌অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা, অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। জাহাজ ২টি নির্মাণের কাজ চলমান। |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২। | ২.১। জলযান বহরের রক্ষণাবেক্ষণের সক্ষমতা বৃদ্ধি | [২.১.১] ডকইয়ার্ড নং-৩ এর জন্য নতুন যন্ত্রপাতি সংগৃহীত। | নারায়ণগঞ্জস্থ বিআইডব্লিউটিসি'র ৩নং ডকইয়ার্ডের জন্য নতুন মেশিনারিজ সংগ্রহের মাধ্যমে ডকইয়ার্ড নং-৩ এর কার্যক্রম পুনরায় চালুকরণ। | বিআইডব্লিউটিসি | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ | |
| ৩। | ৩.১। প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | [৩.১.১] কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদত্ত। | সরকারি কর্মকর্তা/ কর্মচরীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং সংস্থায় কার্যক্রমের গতিশীলতা আনয়নেই লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরে ২০০ জন কর্মকর্তা কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | | • বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ | সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই-ফাইলিং, ই-টেন্ডারিং সেবা সহজিকরণ ইত্যাদি বিষয়সহ সংস্থায় বিভিন্ন দপ্তরের কার্যক্রম ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। |
| | | [৩.১.২] সংস্থার জলযান বহরে জ্বালানী সরবরাহের লক্ষ্যে ২টি শ্যালো ড্রাফট অয়েল ট্যাংকার নির্মাণ কাজের ৬০% সম্পাদিত। | ২০১৮-১৯ সালে ২টি অয়েল ট্যাংকার নির্মাণের ৬০% কাজ সম্পাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন<br>• চুক্তিপত্র।<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ | ফেরি সার্ভিসে পরিচালনাধীন ফেরিতে জ্বালানী সরবরাহের জন্য শ্যালো ড্রাফট অয়েল ট্যাংকার নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| | | [৩.১.৩] পাটুরিয়া ফেরি সেক্টরের যানবাহন পারাপারে অটোমেশন পদ্ধতি প্রর্বতিত। | পাটুরিয়া, দৌলতদিয়া ও কাজিরহাট ফেরি ঘাটে যানবাহন পারাপারে অটোমেশন পদ্ধতি সম্পূর্ণভাবে চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | | • চুক্তিপত্র।<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ | বর্তমান সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার লক্ষ্যে সংস্থায় বিভিন্ন কার্যক্রমে ডিজিটাল পদ্ধতির প্রবর্তনের উদ্যোগ নেয়া হয়েছে। |

## সংযোজনী- ৩ ঃ অন্য মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বিআইডব্লিউটিএ | বিভিন্ন ফেরি রুটে প্রয়োজনীয় ড্রেজিং কার্যক্রম এবং ফেরি ঘাটে পন্টুন স্থাপন। | ফেরির মাধ্যমে যানবাহন পারাপারের বর্ধিত সংখ্যা। | বিআইডব্লিউটিসি ২০১৬-১৭ অর্থ বছরে ফেরি সার্ভিসে ২৬.১০ লক্ষ যানবাহন পারাপার করেছে। ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরে যথাক্রমে ২৭.০০ ও ২৭.৫০ লক্ষ যানবাহন পারাপারের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। বিআইডব্লিউটিএ কর্তৃক প্রয়োজনীয় ড্রেজিং এর কাজ সম্পন্নপূর্বক পর্যাপ্ত নাব্যতা নিশ্চিতকরণ এবং ফেরি ঘাটে সার্বক্ষনিকভাবে পন্টুন স্থাপন করা হলে প্রতিফলিত লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। | বিভিন্ন ফেরি রুটে প্রয়োজনীয় ড্রেজিং কার্যক্রম সম্পাদন এবং ফেরিঘাটসমূহে সার্বক্ষণিক পন্টুন স্থাপন নিশ্চিত করা হলে বিআইডব্লিউটিসি দিবা-রাত্র ফেরি সার্ভিস পরিচালনা করে সার্বক্ষনিক যানবাহন পারাপার নিশ্চিত করতে পারে। | ফেরি রুটের অপর্যাপ্ত নাব্যতা দিবা-রাত্র ফেরি সার্ভিস পরিচালনাকে বাধাগ্রস্থ করে। দেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক কর্মকান্ড বাধাগ্রস্থ হয়। ফেরিগুলোকে under load এ চলাচল করতে হয়। ফলে সংস্থার রাজস্ব অর্জন হ্রাস ও পরিচালন ব্যয় বৃদ্ধি পায়। সর্বোপরি যানবাহন পারাপারের লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হয়ে পড়ে। |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

## (মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |